



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৯/১১/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সূষ্ঠা ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর ৫টি কেন্দ্রে সকাল ১১ টা থেকে শুরু হয়ে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ‘ক’ ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার প্রায় ৭৩%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক সিডিকেট সদস্য সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল এম কে রহমান কে সাথে নিয়ে বরিশাল নগরীর মডেল স্কুল এন্ড কলেজ, সরকারি আলেকান্দা কলেজ, সরকারি মহিলা কলেজ, অমৃত লাল দে মহাবিদ্যালয় ও তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। একই সময়ে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান অন্যান্য পরিদর্শকবৃন্দকে সাথে নিয়ে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। কেন্দ্র পরিদর্শন শেষে পরিদর্শকগণ ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’, ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সূষ্ঠা ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় বরিশালবাসী, সুশীল সমাজ, বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, বিভিন্ন গণমাধ্যম, সাংবাদিক, পরীক্ষার্থী, অভিভাবক এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০১৬
১৯.১১.১৬

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)